



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০৬/১২/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ কর্তৃক ০৫(পাঁচ) বোতল ফেন্সিডিল এবং মাহিগঞ্জ থানা পুলিশ কর্তৃক ০৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ মোট ০৩ জন আসামী গ্রেফতার



ঘটনা-১



ঘটনা-২

ঘটনা-১ : অদ্য ০৬ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ রাত অনুমান ২০.১০ ঘটিকায় আরপিএমপি ডিবি টিমের অভিযানে ০৫ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ ০২ জন আসামী গ্রেফতার।

অদ্য ০৬/১২/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় পুলিশ পরিদর্শক জনাব মোঃ সামিউল আলম মহোদয়ের পরিকল্পনায়, পুলিশ পরিদর্শক জনাব এবিএম ফিরোজ ওয়াহিদ মহোদয়ের নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই(নিঃ) ছায়ুম তালুকদার, এসআই(নিঃ) নাজমুল ইসলাম, এএসআই(নিঃ) মোঃ শাহাদুল ইসলাম, এএসআই(নিঃ) মোঃ তৈয়বুর রহমান সঙ্গীয় ফোর্সসহ কোতয়ালী থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনাকরে উক্ত থানাধীন ২৩নং ওয়ার্ডস্থ সেন্ট্রাল রোডস্থ ফাল্গুনী হোটেল এন্ড রেস্তুরেন্ট এর সামনে চলাচলের পাকা রাস্তার উপর থেকে ধৃত আসামী ০১। মোঃ মামুন(৩৫) এর পরিহিত প্যান্ট এর সামনের ডান ও বাম পকেট হইতে ১+১=২ বোতল এবং ফেন্সিডিল বিক্রয়লব্ধ অর্থ সর্বমোট ১৭১০/- টাকা এবং ০২। মোঃ হারুন (৩২) এর দেহ তল্লাশি করে তার পরিহিত প্যান্টের কোমরের পিছনের কোচা থেকে ০৩ বোতলসহ সর্বমোট ০৫ বোতল ফেন্সিডিল ও উল্লেখিত পরিমাণ টাকা উদ্ধারসহ তাদেরকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীদ্বয়ের নাম- ০১। মোঃ মামুন (৩৫), পিতা- আঃ ছালাম, মাতা-মৃত মোরশেদা বেগম, সাং- খোর্দতামপাট মিয়া পাড়া ওয়ার্ড নং- ৩২ থানা- তাজহাট এবং ০২। মোঃ হারুন(৩০), পিতাঃ মোঃ ইয়াকুব, মাতাঃমোছাঃ অজুফা বেগম, সাং- বাহার কাছনা(সিগারেট কোম্পানী), থানাঃ হারাগাছ, উভয় জেলাঃ আরপিএমপি রংপুর।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মামলা দায়ের প্রক্রিয়াধীন।

ঘটনা-২ : অদ্য ০৬/১২/২০২০ খ্রিঃ রংপুর মেট্রোপলিটন মাহিগঞ্জ থানা পুলিশ কর্তৃক উক্ত থানাধীন ৩৩ নং ওয়ার্ডস্থ হাজী ফিলিং স্টেশনের সামনে মাহিগঞ্জ টু পীরগাছা গামি পাকা রাস্তার উপর থেকে ০৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধারসহ আসামী (১) মোঃ শাহাদত হোসেন (৩৮), পিতা-মৃত নূর মোহাম্মদ, সাং-গুঞ্জর খাঁ হাউদার পাড়, থানা-মাহিগঞ্জ, রংপুর মহানগর, রংপুরকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাহিগঞ্জ থানায় মামলা দায়ের প্রক্রিয়াধীন।

উল্লেখ্য যে রংপুর মেট্রোপলিটন পুলিশের সকল ধরনের অবৈধ কার্যক্রম এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রনে আরপিএমপি গোয়েন্দা বিভাগ (ডিবি) টিমের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- (০১৩২০-০৭৩৬৬১)।

০৬.১২.২০২০

(মোঃ সামিউল আলম)

পুলিশ পরিদর্শক (ডিবি)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১